

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।
কর্মসংস্থান শাখা-১
www.probashi.gov.bd

নং-৪৯.০০৭.০০০.০০.০০.৩২২.২০১২. ১০৬

তারিখ : ১৯-০২-২০১৮ খ্রিঃ

বিষয়ঃ রিক্রুটিং এজেন্সি মেসার্স ঈজেল ওভারসীজ (আরএল-১১৪০)-এর জামানত এর অর্ধেক বাজেয়াপ্তসহ লাইসেন্স বাতিলকরণ সংক্রান্ত।

যেহেতু, রিক্রুটিং এজেন্সি মেসার্স ঈজেল ওভারসীজ (আরএল-১১৪০)-এর আবেদনের পরিপ্রেক্ষিতে বহির্গমন অধ্যাদেশ, ১৯৮২ অনুযায়ী বিদেশে কর্মী প্রেরণ কার্যক্রম পরিচালনার শর্তে উক্ত এজেন্সির অনুকূলে লাইসেন্স প্রদান করা হয়;

০২। যেহেতু উক্ত রি/এজেন্সির লাইসেন্সের অনুকূলে ২০১২ সাল হতে এ পর্যন্ত মাত্র ৬০ জন কর্মী বিদেশে প্রেরণ করা হয়েছে। তথ্যপ্রেক্ষিতে রি/এজেন্সির নিকট ব্যাখ্যা চাওয়া হয়; যা সন্তোষজনক নয়।

০৩। যেহেতু “রিক্রুটিং এজেন্ট আচরণ ও লাইসেন্স বিধিমালা, ২০০২” এর বিধি ৭ (৪) অনুযায়ী লাইসেন্স প্রাপ্তির ০৫ (পাঁচ) বছরের মধ্যে কোন রিক্রুটিং এজেন্ট ন্যূনতম ৩০০ (তিনশত) জন ইমিগ্র্যান্টকে কর্মসংস্থানের ব্যবস্থা করতে না পারলে উক্ত রিক্রুটিং এজেন্টের লাইসেন্স ০৫ (পাঁচ) বছর শেষ হওয়ার সাথে সাথে বাতিল বলে গণ্য হবে এবং জামানতের অর্ধেক টাকা বাজেয়াপ্ত হয়ে ইমিগ্র্যান্ট কল্যাণ তহবিলে জমা হবে;

০৪। সেহেতু, “রিক্রুটিং এজেন্ট আচরণ ও লাইসেন্স বিধিমালা, ২০০২” এর বিধি ৭ (৪) মোতাবেক রিক্রুটিং এজেন্সি মেসার্স ঈজেল ওভারসীজ (আরএল-১১৪০)-এর জামানত এর অর্ধেক বাজেয়াপ্তসহ লাইসেন্স নির্দেশক্রমে বাতিল করা হলো। বাজেয়াপ্তকৃত টাকা ওয়েজ আর্নার্স কল্যাণ তহবিলে জমা প্রদান পূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(ডক্টর কাজী কামরুন নাহার)

উপসচিব

ফোন : ০২৪-৮৩২২৫১৯

মহাপরিচালক
জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন
রমনা, ঢাকা-১০০০।

নং-৪৯.০০৭.০০০.০০.০০.৩২২.২০১২.

তারিখ : ১৯-০২-২০১৮ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ০১। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ঢাকাস্থ সৌদি আরব, কাতার, কুয়েত, সংযুক্ত আরব আমিরাত, ওমান, বাহরাইন, লিবিয়া, ইরাক, সিংগাপুর, মালেশিয়া, দক্ষিণ কোরিয়া ও অন্যান্য দূতাবাসসমূহকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
- ০২। সচিব পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৩। সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।

- ০৫। মান্যবর রাষ্ট্রদূত/হাই কমিশনার, বাংলাদেশ দূতাবাস/বাংলাদেশ হাইকমিশন, সৌদি আরব, কাতার, কুয়েত, সংযুক্ত আরব আমিরাত, ওমান, বাহরাইন, লিবিয়া, ইরাক, সিংগাপুর, মালেশিয়া, দক্ষিণ কোরিয়া, মরিশাস ও অন্যান্য দূতাবাসসমূহ।
- ০৬। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।
- ০৭। মেট্রোপলিটন পুলিশ কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।
- ০৮। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (আদেশটি জরুরী ভিত্তিতে সকল পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
- ০৯। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১১। যুগ্ম সচিব (কর্মসংস্থান) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ১২। সভাপতি, বায়রা, ১৩০, নিউ ইন্সটন রোড, ঢাকা-১০০০ (বায়রা'র সকল সদস্যকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ১৩। চেয়ারম্যান, ঈজেল ওভারসীজ লিঃ, ২৪ হামিদ টাওয়ার, গুলশান-২, ঢাকা।
- ১৪। সহকারী প্রোগ্রামার, আইটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৫। অফিস কপি।

(ডক্টর কাজী কামরুন নাহার)
উপসচিব
ফোন : ০২৪-৮৩২২৫১৯